যায়যায়দিন

তারিখ ... 2 APR 2009
পৃষ্ঠা ১৬

# ঢাকা পলিটেকনিক কলেজ ছাত্রাবাস অনিদির্ষ্টকালের জন্য বন্ধ

যাযাদি রিপোর্ট

রাজধানীর ঢাকা পলিটেকনিক কলেজের ছাত্রাবাস অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়েছে। গতকাল রাত ৭টায় শিক্ষার্থীরা হল ত্যাগ করলে ছাত্রাবাসের তত্ত্বাবধায়ক মূল ফটকে তালা লাগিয়ে দেয়। আবাসিক হল বন্ধ থাকলেও ক্লাস ও পরীক্ষা যথারীতি চলবে বলে কলেজ কর্তৃপক্ষ জানিয়েছে।

কলেজ সূত্রে জানা গেছে, ছাত্র সংগঠনগুলোর মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটতে পারে এমন আশঙ্কায় সন্ধ্যা ৬টায় শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দেয় কর্তৃপক্ষ। এ সময় পুলিশ হলের প্রতিটি রুমে গিয়ে শিক্ষার্থীদের হল ছাড়তে বলে। রাত ৭টার মধ্যে শিক্ষার্থীরা হল ত্যাগ করে।